# বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এর ভৌত অবকাঠামোগত সুবিধাদি ব্যবহার (ভাড়া ভিত্তিক) হতে প্রাপ্ত 'সার্ভিস চার্জ বন্টন নীতিমালা, ২০১৫'

বাংলাদেশ লে ন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.org.bd

# বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা-১৩৪৩

## সার্ভিস চার্জ বন্টন নীতিমালা- ২০১৫

১। **শিরোনাম:**

এই নীতিমালা বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ভৌত অবকাঠামোগত সুবিধাদি ব্যবহার (ভাড়া ভিত্তিক) হতে প্রাপ্ত 'সার্ভিস চার্জ বন্টন নীতিমালা, ২০১৫' নামে অভিহিত হবে।

২। **উদ্দেশ্য:**

এই নীতিমালার আওতায় প্রাপ্ত অর্থ দ্বারা বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ও আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীদের শ্রমসাধ্য ও অতিরিক্ত কাজের জন্য প্রণোদনা প্রদানের মাধ্যমে অধিকতর কর্মস্পৃহা ও গতিশীলতা আনয়ন।

৩। **ক্ষেত্র:**

এই নীতিমালা বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ও আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীর জন্য প্রযোজ্য হবে।

৪। **সংজ্ঞাসমূহ:**

ক) **"ভৌত অবকাঠামোগত সুবিধাদি"** বলতে বিপিএটিসি'র ডরমিটরীসমূহ, অতিথিভবন, ক্যাফেটেরিয়া, সিন্ডিকেট ভবনের শ্রেণীকক্ষ, লেকচার থিয়েটার, অডিটরিয়াম, আন্তর্জাতিক প্রশিক্ষণ কমপ্লেক্স, কেন্দ্রের যানবাহন, ইত্যাদি ও আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রসমূহের অনুরূপ ভৌত স্থাপনাসমূহকে বুঝাবে।

খ) **"ভাড়া"** বলতে ভৌত অবকাঠামোগত সুবিধাদি ব্যবহারের জন্য প্রদেয় অর্থকে বুঝাবে।

গ) **"ভাড়ার হার"** বলতে প্রযোজ্য ক্ষেত্রে (১) অতিথি ভবন, ডরমিটরী, ক্যাফেটেরিয়া, অডিটোরিয়াম ল্যাঙ্গুয়েজ ল্যাব, কম্পিউটার ল্যাব ও অন্যান্য ভৌত সুবিধা ব্যবহারের নীতিমালা, (২) আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রসমূহের অনুরূপ ভৌত অবকাঠামোসহ বিদ্যমান অন্যান্য সুযোগ-সুবিধা ব্যবহারের জন্য ভাড়ার হার নির্ধারণ সংক্রান্ত নীতিমালা এবং (৩) কেন্দ্রের পরিবহণ নীতিমালায় বর্ণিত "ভাড়ার হার" বুঝাবে।

ঘ) **'সার্ভিস চার্জ'** বলতে বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক বিপিএটিসি ও আরপিএটিসিসমূহের ভৌত অবকাঠামোগত সুবিধাদি ব্যবহার (ভাড়া ভিত্তিক) হতে প্রাপ্ত মোট ভাড়া এবং On Payment ভিত্তিতে পরিচালিত কোর্স হতে প্রাপ্ত অর্থের সার্ভিস চার্জ আরোপযোগ্য অংশের ২০% অর্থকে বুঝাবে। অর্থাৎ মূল ভাড়া /আয়ের উপর আরোপিত ২০% অর্থ সার্ভিস চার্জ হিসেবে বিবেচিত হবে এবং এ অর্থই এই নীতিমালার আওতায় বন্টনযোগ্য হবে।

ঙ) **"কর্মকর্তা"** বলতে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র এবং আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাকে বুঝাবে।

চ) **"কর্মচারী"** বলতে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র এবং আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীকে বুঝাবে।

ছ) **"পেনশন তহবিল"** বলতে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য গঠিত পেনশন তহবিলকে বুঝাবে।

জ) **"কমিটি"** বলতে সার্ভিস চার্জ বন্টন কমিটি-কে বুঝাবে।

ঝ) **'কর্তৃপক্ষ'** বলতে রেক্টর, পরিচালক (প্রশাসন), উপ-পরিচালক (সেবা), উপ পরিচালক (আরপিএটিসি) এবং দফা-(ক) এ উল্লেখিত ভৌত অবকাঠামো ভাড়া দেয়ার সাথে সংশ্লিষ্ট কর্মচারীগণের তদারকির কাজে নিয়োজিত কর্মকর্তা অথবা রেক্টর কর্তৃক মনোনীত যে কোন কর্মকর্তা বুঝাবে।

৫। **সার্ভিস চার্জ প্রাপ্যতা:**

ভৌত অবকাঠামো ভাড়া প্রদান অথবা On payment ভিত্তিতে পরিচালিত কোর্সের সাথে সংশ্লিষ্ট এবং সেবাদানকারী কর্মচারীগণ নিম্নোক্ত শর্তাদি সাপেক্ষে সার্ভিস চার্জ প্রাপ্য হবেন:

শর্ত হলো-

ক) ভৌত অবকাঠামো ভাড়া প্রদান এবং/ অথবা On payment ভিত্তিতে পরিচালিত কোর্সের সাথে সংশ্লিষ্টতার (অনেকটা কায়িক পরিশ্রমে সরাসরি জড়িত) ভিত্তিতে কেন্দ্রের ক্ষেত্রে সার্ভিস চার্জ বন্টন কমিটির সুপারিশের ভিত্তিতে কর্মচারীগণ সার্ভিস চার্জ প্রাপ্য হবেন। আঞ্চলিক কেন্দ্রের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপ-পরিচালক যেরুপে উপযুক্ত বিবেচনা করবেন, সেইরুপে কর্মচারীদের মধ্যে সার্ভিস চার্জ বন্টন করবেন।

খ) On payment ভিত্তিতে পরিচালিত কোর্স বাজেটে প্রত্যক্ষভাবে কোর্সে নিয়োজিত কর্মকর্তাগণের জন্যে উপযুক্ত সম্মানীর পরিমাণ অন্তর্ভুক্ত করতে হবে। কর্মচারীগণের জন্য উক্ত বাজেটে কোন সম্মানী অন্তর্ভুক্ত করা যাবে না।

গ) On payment ভিত্তিতে পরিচালিত কোর্সে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীগণের অনুকূলে প্রয়োজনীয় অফিস আদেশ জারী করতে হবে এবং তার কপি পরিচালক (প্রশাসন) তথা সভাপতি, সার্ভিস চার্জ বন্টন কমিটি এর নিকট প্রেরণ করতে হবে।

ঘ) যে সকল কর্মকর্তা On payment ভিত্তিতে পরিচালিত কোর্স হতে সম্মানী প্রাপ্ত হবেন, তাঁরা সার্ভিস চার্জ হতে কোন অর্থ প্রাপ্য হবেন না।

ঙ) যদি কোন কর্মচারী আহরিত সার্ভিস চার্জ বন্টনের পূর্বে পিআরএল অথবা বদলী হয়ে অন্যত্র চলে যান সেক্ষেত্রে ঐ সময়ের কাজের সংশ্লিষ্টতা বিবেচনায় তারাও সার্ভিস চার্জ প্রাপ্য হবেন।

চ) যে সমস্ত কর্মচারীর বিরুদ্ধে শৃংখলা বিরোধী কাজে জড়িত থাকার প্রমাণ পাওয়া যাবে, অথবা যাঁদের দায়িত্বে অবহেলার বা কাজে ফাঁকি দেয়ার প্রবণতা কর্তৃপক্ষের নজরে আসবে তাঁরা সার্ভিস চার্জ প্রাপ্য হবেন না।

৬। **প্রাপ্যতা সংক্রান্ত অফিস আদেশ জারী:**

(ক) সার্ভিস চার্জ বন্টন কমিটির সুপারিশের প্রেক্ষিতে বিপিএটিসির জন্য কেন্দ্রের রেক্টর এবং RPATC'র ক্ষেত্রে, আরপিএটিসির উপ পরিচালকের অনুমোদনক্রমে সার্ভিস চার্জ বন্টনের অফিস আদেশ জারী করতে হবে। উক্ত আদেশে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের নাম ও পদবীর বিপরীতে তাঁদের প্রাপ্ত অর্থের পরিমাণ উল্লেখ করতে হবে। আদেশের কপি পরিচালক (প্রশাসন) এবং পরিচালক (এসটিএন্ডটিওটি) কে প্রেরণ করতে হবে।

খ) পরিচালক (প্রশাসন)/ পরিচালক (এসটিএন্ডটিওটি) সার্ভিস চার্জ প্রদান সংক্রান্ত অফিস আদেশ যথার্থরূপে পরীক্ষা করবেন এবং কোনরূপ অসংলগ্নতা পরিলক্ষিত হলে সম্ভাব্য কম সময়ের মধ্যে তা পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত কর্তৃপক্ষকে অবহিত করবেন।

৭। **সার্ভিস চার্জ জমা প্রদান:**

ক) বিপিএটিসি'র ভৌত অবকাঠামো ব্যবহার (ভাড়াভিত্তিক) অথবা On payment ভিত্তিতে পরিচালিত কোর্স হতে প্রাপ্ত সার্ভিস চার্জ সোনালী ব্যাংক, পিএটিসি শাখায় বিদ্যমান চলতি হিসাবে (হিসাব নং-৩৩০০৩৫০৬) জমা প্রদান করতে হবে এবং উক্ত হিসাব হতে বিপিএটিসি'র কর্মকর্তা কর্মচারীগণকে সার্ভিস চার্জ বিতরণের পর অবশিষ্ট অর্থ ৮ নম্বর অনুচ্ছেদের বিধান অনুযায়ী পেনশন তহবিল ও কল্যাণ তহবিলে জমা করতে হবে।

খ) আরপিএটিসির ক্ষেত্রে কর্মচারীগণকে সার্ভিস চার্জ বাবদ প্রদেয় অংশ (পরিমাণ) ব্যতীত অবশিষ্ট অর্থ বিপিএটিসিতে সোনালী ব্যাংক চলতি হিসাবে (হিসাব নং-৩৩০০৩৫০৬) অর্থ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে প্রেরণ করতে হবে।

৮। **সার্ভিস চার্জের অর্থ বন্টন:**

ক) **"বিপিএটিসির কর্মকর্তা/কর্মচারী পেনশন তহবিল"এ জমা প্রদান:** বিপিএটিসি এবং আরপিএটিসিসমূহের ভৌত অবকাঠামোগত সুবিধাদি ব্যবহার হতে আহরিত সর্বমোট সার্ভিস চার্জ এর ২৫% অর্থ বিপিএটিসি কর্মকর্তা-কর্মচারী পেনশন তহবিলে জমা হবে, যা বিধি মোতাবেক কেন্দ্রের ও আরপিএটিসিসমূহের কর্মকর্তা ও কর্মচারীগণ প্রাপ্য হবেন।

খ) **'বিপিএটিসির কর্মকর্তা/কর্মচারী কল্যাণ তহবিল' এ জমা প্রদান:** বিপিএটিসি এবং RPATC সমূহের ভৌত অবকাঠামোগত সুবিধাদি ব্যবহার হতে আহরিত সর্বমোট সার্ভিস চার্জ এর ২৫% অর্থ বিপিএটিসি কর্মকর্তা- কর্মচারী কল্যাণ তহবিলে জমা হবে, যা বিধি মোতাবেক কেন্দ্রের ও আরপিএটিসিসমূহের কর্মকর্তা ও কর্মচারীগণ প্রাপ্য হবেন।

গ) **সার্ভিস চার্জ কর্মচারীদের মধ্যে বন্টন:** ভৌত অবকাঠামোগত সুবিধাদি ব্যবহার হতে আহরিত/জমাকৃত সর্বমোট সার্ভিস চার্জ এর ৫০% অর্থ কেন্দ্রের কর্মচারীদের কাজের গুরুত্ব ও দায়িত্ব বিচারে অনুচ্ছেদ ৯ (ক ও খ)-এ বর্ণিত

কমটির সিদ্ধান্ত অনুযায়ী সার্ভিস চার্জ বন্টন করবে। এক্ষেত্রে আরপিএটিসিসমূহের উপ-পরিচালকগণ সংশ্লিষ্ট আরপিএটিসির আহরিত সার্ভিস চার্জ কর্মচারীগণের প্রাপ্যতা অনুযায়ী সার্ভিস চার্জ আদায়যোগ্য প্রত্যেক কোর্সের সমাপ্তির পরপরই নিয়মিতভাবে কর্মচারীদের মধ্যে বন্টন করবেন।

ঘ) একজন কর্মকর্তা/কর্মচারী বন্টনযোগ্য সার্ভিস চার্জ এর সর্বোচ্চ ৩০০০/- টাকা পর্যন্ত একসঙ্গে বা একককক্ষেত্রে প্রাপ্য হবেন।

ঙ) সার্ভিস চার্জ বন্টনের পর কোন অর্থ অবশিষ্ট থাকলে তা পেনশন তহবিলে প্রদেয় হবে।

৯। **সার্ভিস চার্জ বন্টন কমিটি :**

ক) বিপিএটিসির ভৌত অবকাঠামোগত সুবিধার ব্যবহার (ভাড়া ভিত্তিক) হতে প্রাপ্ত সার্ভিস চার্জের অর্থের সুষম বন্টনের জন্য নিম্নরূপ কমিটি গঠিত হবে:

| | |
|---|---|
| ১) পরিচালক (প্রশাসন) | - সভাপতি |
| ২) রেক্টর কর্তৃক মনোনীত একজন পরিচালক | -সদস্য |
| ৩) উপ-পরিচালক (অর্থ) | -সদস্য |
| ৪) উপ-পরিচালক (সেবা) | -সদস্য |
| ৫) রেক্টর কর্তৃক মনোনীত একজন উপ-পরিচালক | -সদস্য |
| ৬) সহকারী পরিচালক (লজিঃ) | -সদস্য |
| ৭) সহকারী পরিচালক (ডরঃ) | -সদস্য-সচিব |

খ) আরপিএটিসির ভৌত অবকাঠামোগত সুবিধা ব্যবহার (ভাড়া ভিত্তিক) হতে প্রাপ্ত সার্ভিস চার্জের অর্থের সুষম বন্টনের জন্য আরপিএটিসিসমূহের উপ-পরিচালকগণ ব্যবস্থা গ্রহণ করবেন।

১০। **কার্যকারিতা :**

এ নীতিমালা ১ জুলাই ২০১৫ খ্রিঃ থেকে কার্যকর হবে।

১১। **রহিতকরণ ও হেফাজতকরণ :**

ক) এ বিষয়ে বিপিএটিসি কর্তৃক ইতিপূর্বে গৃহীত/জারীকৃত সকল বিধি/নির্দেশ/নিয়ম এতদ্বারা রহিত করা হল। এ নীতিমালা কার্যকর হওয়ার সময় পূর্বের বিধি/নিয়ম/নির্দেশের অধীনে কোন কার্যধারা অনিষ্পন্ন থাকলে তা যতদূর সম্ভব এ নীতিমালা অনুসারে নিষ্পন্ন করতে হবে।

খ) পূর্বের বিধি/নির্দেশ/নিয়মসমূহ রহিতকরণ সত্ত্বেও পূর্ব বিধি/নির্দেশ/নিয়মে ইতিপূর্বে যথাযথভাবে গৃহীত কোন ব্যবস্থা বা কার্যক্রমের বৈধতা ক্ষুন্ন হবে না।

১২। **সংশোধনী:**

কেন্দ্রের রেক্টর এ নীতিমালা পরিবর্তন/পরিবর্ধন বা পরিমার্জনের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৫/৮/২০১৫

(এ. কে. এম আবদুল আউয়াল মজুমদার)
রেক্টর
বিপিএটিসি, সাভার, ঢাকা